

## কৃতজ্ঞতা ।

এসেছিলে তুমি ঝড়ের সঙ্গে  
 ভিতরে পশিবে ব'লে,  
 শত বাধনের বন্ধ দুয়ার  
 সজোরে ঠেলিয়া ফেলে ।  
 চারিদিক হতে এসেছিল কত  
 তীর বাক্যবাণ  
 দিয়েছিল তা'রা শতধা করিয়া  
 সব মান-অভিমান ।  
 অশ্রুধারায় সে সব জঞ্জাল  
 গিয়াছিল ব'লে ধুয়ে,  
 তোমারি মধুর পীয়ুষ-ধারায়  
 উঠেছে পূর্ণ হ'য়ে ।  
 চেউয়ের মত আঘাতের পর  
 আঘাত এসেছে কত,  
 সকলেই দেখি এগিয়ে দিয়েছে  
 পিছে টেনে নেয়নি ত ।  
 এসেছিল তা'রা তোমারি হইয়া  
 তোমারি নিকটে নিতে,  
 ভাঙ্গিয়া চুরিয়া বাপনা-কামনা  
 বন্ধ এ গৃহ হ'তে ।  
 ভাবি নাই কত ভাল হইয়া  
 সে সফল উপকার  
 ( তাই ) কৃতজ্ঞ-হৃদয়ে চরণে সবার  
 করি আজ নমস্কার ।

শ্রীমুহম্মার ঘোষ,  
 তৃতীয় বার্ষিক ( বি এন্স সি ) শ্রেণী ।